



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৪৪০/ক/অনু:/২০১৪/৮৩৬

তারিখ : ০৪।০৯।২০১৯

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “নরসিংদী ইউনাইটেড কলেজ” টি ঢাকা শিক্ষা বোর্ড এর পত্র নং-৪৪০/ক/অনু:/২০১৪/৭৩৬, তারিখ: ১২/০৫/২০১৪ মোতাবেক ২০১৪-১৫ শিক্ষাবর্ষ হতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রাপ্ত হয়। বোর্ডের বিধি অনুযায়ী পাঠদানের অনুমতি প্রাপ্তির ০৩(তিন) মাসের মধ্যে নির্বাহী কমিটি গঠন করে বোর্ড কর্তৃক অনুমোদন নিতে হয়। কিন্তু অদ্যবধি তা করা হয়নি। অপরদিকে ১১/০৫/২০১৭ তারিখে পাঠদানের প্রাথমিক অনুমতির মেয়াদ উত্তীর্ণ হয়। কিন্তু পরবর্তীতে পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি করা হয়নি। প্রতিষ্ঠানটি পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি না করে ও কমিটিবিহীন পরিচালিত হওয়ায় কেন পাঠদানের অনুমতি বাতিল করা হবেনা তার সুস্পষ্ট কারণ ব্যাখ্যাসহ পত্র ইস্যুর ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশ দেয়া হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

✓ 
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

অধ্যক্ষ

নরসিংদী ইউনাইটেড কলেজ (EIN-136847)

সদর, নরসিংদী।

